

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, দেবীগঞ্জ, পঞ্চগড়
doict.debiganj.panchagarh.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.৭৭৩৪.০০০.১৪.০০১.২৫-৫৮

তারিখঃ ১৪ শ্রাবণ, ১৪৩২ব.
২৯ জুলাই, ২০২৫খ্রি.

বিষয়ঃ ইন্টারনেট সংযোগ ও আনুষঙ্গিক কেবল/ ডিভাইস গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ডিজিটাল সংযোগ স্থাপন (EDC) প্রকল্পের মাধ্যমে নির্বাচিত ISP ভেডর কোম্পানির দ্বারা সারাদেশের ন্যায় অত্র উপজেলার বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে ইন্টারনেট সংযোগ প্রদান করা হচ্ছে। অত্র উপজেলার জন্য নির্বাচিত ISP ভেডর কোম্পানির (Pan M Tech & Telewire Communication JV) প্রতিনিধি আপনার প্রতিষ্ঠানে বিনামূল্যে ইন্টারনেট সংযোগ প্রদান করবে এবং সংযোগ প্রদানের প্রত্যয়ন পত্রে আপনার স্বাক্ষর নিবে। স্বাক্ষর প্রদানের পূর্বে প্রত্যয়ন পত্র ভালোমতো পড়ে উল্লেখিত ক্যাবল/ ডিভাইস/ ব্যাল্ডউইথ/ Public IP ইত্যাদি সঠিকভাবে বুঝে নেওয়ার জন্য পরামর্শ দেওয়া হলো।

সংযোগ গ্রহণকালে নিম্নোক্ত বিষয়সমূহ যাচাই করা যেতে পারেঃ

(১) Wi-Fi router এর গুণগতমান নিশ্চিতকরণ:

Brand Name	TP-link	H3C	D-Link
Model Number	AX15	NX30	R-15

- UPAC ফর্মে বা প্রত্যয়ন পত্রে সরবাহকৃত Router-টির ব্র্যান্ডের নাম, মডেল নম্বর ও সিরিয়াল নং মিলিয়ে দেখতে হবে।
- সংযোগ সংক্রান্ত সমস্যায় যোগাযোগের জন্য Router এর দৃশ্যমান স্থানে ISP প্রতিষ্ঠানের ঠিকানা ও টেলিফোন নম্বর সংবলিত স্টিকার দেখে নিবেন।

(২) Optical Fiber cable এর গুণগতমান নিশ্চিতকরণ:

- Brand: Leo/ OFS/ Claron/ Corning/ Keman Indo/ Usha Martin/ BRB/ BCSL/ Poly Cable/ Litex মধ্য থেকে ১টি।
- ৪ কোর অপটিক্যাল ফাইবার ক্যাবল কিনা যাচাই করে নিন।
পরামর্শ: ক্যাবল কাটলে অথবা, ONU তে সংযোগস্থলে দেখতে পাবেন ভেতরে চার রঙের ছোট চারটি ফাইবার থাকবে অথবা, ক্যাবলের উপরে 4 Core লিখা থাকতে পারে।
- স্থানীয় POP (BTCL, Fiber@Home Ltd, Summit Communications Ltd etc.) থেকে প্রতিষ্ঠান পর্যন্ত অপটিক্যাল ফাইবার ক্যাবলের দূরত্ব যাচাই করুন, যা ১৫০০ মিটারের কম/বেশি হতে পারে।

৩) অন্যান্য ইকুইপমেন্টের গুণগতমান যাচাই করন:

- Media Converter/ ONU: প্রাপ্ত ডিভাইসের সঙ্গে প্রত্যয়ন পত্রের উল্লেখিত ব্র্যান্ড নেম, মডেল নং ও সিরিয়াল নং মিলিয়ে নিন।
- Fiber Optic Terminal Box: ডিভাইসের উপাদান টেকসই কিনা এবং পরিচিত ও স্বীকৃত ব্র্যান্ড কিনা যাচাই করুন।
- Fiber Patch Cord: টার্মিনাল বক্স থেকে ONU পর্যন্ত সংযোগে ব্যবহৃত হয়।
- UTP Patch Cord: ONU থেকে Router পর্যন্ত সংযোগে ব্যবহৃত হয়, যা Cat-5e/ Cat-6 Standard কিনা দেখে নিন।
- Cable Tie: ফাইবার/ তার গুছিয়ে রাখতে ব্যবহৃত হয়।
- Wall Mount Screw: দেওয়ালে ঠিকমতো আটকানোর জন্য ব্যবহৃত হয়।

(৪) সংযোগ / কানেক্টিভিটি পরীক্ষা করুন:

- ২০ Mbps বা নেগোসিয়েশনের মাধ্যমে নির্ধারিত পরিমানে ব্যাল্ডউইথ সরবরাহ হচ্ছে কিনা যাচাই করুন।
পরামর্শ:

- (i) সরাসরি Router এর সঙ্গে LAN এর মাধ্যমে ল্যাপটপ/ ডেকটপ কানেক্ট করে speedtest.net বা, fast.com সাইটে ভিন্ন ভিন্ন সময়ে Visit করে প্রাপ্ত স্পিডের গড় বের করুন।
- (ii) Router এর Admin Panel এ প্রবেশ করে Link Rate / Bandwidth Usage/ WAN Statistics সেকশনে দেখা যাবে।
- সংযোগে নির্দিষ্ট Public IP প্রদান করা হয়েছে কিনা এবং সংযোগ প্রদানকারী হিসেবে নির্বাচিত ISP এর নাম মিল আছে কিনা যাচাই করতে ভিজিট করুন whoer.net সাইটটিতে।

(৫) সংযোগ প্রদান পরবর্তীতে করণীয়:

- ইন্টারনেট সংযোগ বিচ্ছিন্ন হলে/ কোন ডিভাইস বা ক্যাবল নষ্ট হলে সংযোগ গ্রহণকারী প্রতিষ্ঠান ফোনে/ ইমেইলে ISP ভেডর প্রতিষ্ঠানকে অবহিত করবেন।
- ISP প্রতিষ্ঠানের ইন্টারনেট সেবার মান সন্তোষজনক না হলে সংযোগ গ্রহণকারী প্রতিষ্ঠান উপজেলা আইসিটি অফিসারের সাথে যোগাযোগপূর্বক নির্ধারিত পদ্ধতিতে ISP পরিবর্তন করতে পারবেন।
- প্রকল্পের চুক্তি অনুযায়ী ISP ভেডর প্রতিষ্ঠান সংযোগ প্রদানের তারিখ হতে এক বছরের মধ্যে সংযোগ গ্রহণকারী প্রতিষ্ঠানের ইন্টারনেট ডিভাইস/ ক্যাবল নষ্ট হওয়ার অভিযোগ প্রাপ্তির সাথে সাথে প্রয়োজনীয় মেরামত/ Replacement এর ব্যবস্থা করবেন।
- সংযোগ প্রদানের এক বছরের পরবর্তীতে ইন্টারনেট ডিভাইস/ ক্যাবল নষ্ট হলে গ্রাহক কর্তৃক নিজস্ব অর্থায়নে ক্রয় করবেন এবং ISP ভেডর প্রতিষ্ঠান বিনামূল্যে কারিগরি সহায়তা প্রদান করবেন।
- ISP ভেডর প্রতিষ্ঠানকে ইন্টারনেট আপ-টাইম ৯৯% নিশ্চিত করতে হবে এবং নিজস্ব ব্যবস্থাপনায় সংযোগ গ্রহণকারী প্রতিষ্ঠানের প্রতিনিধিকে প্রয়োজনীয় বেসিক প্রশিক্ষণের ব্যবস্থা করবেন।

এমতাবস্থায়, সংযোগ গ্রহণকারী প্রতিষ্ঠান প্রধানগণকে যাবতীয় যাচাই-বাছাই সম্পূর্ণপূর্বক প্রত্যয়নপত্রে স্বাক্ষর করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

.....
দেবীগঞ্জ, পঞ্চগড়।

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রেরণ করা হলো)

- ১। উপজেলা নির্বাহী অফিসার, দেবীগঞ্জ, পঞ্চগড়।
- ২। জেলা আইসিটি অফিসার, পঞ্চগড়।
- ৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দেবীগঞ্জ, পঞ্চগড়।
- ৪। সহকারী কমিশনার (ভূমি), দেবীগঞ্জ, পঞ্চগড়।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দেবীগঞ্জ, পঞ্চগড়।
- ৬। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, দেবীগঞ্জ, পঞ্চগড়।
- ৭। অফিস কপি।


মোঃ ইলিয়াস হোসেন
উপজেলা আইসিটি অফিসার
দেবীগঞ্জ, পঞ্চগড়
মোবঃ ০১৭৫১-১১৯০৭৩

ই-মেইল: ictoffice.debiganj@gmail.com